



ALL INDIA RADIO

REGIONAL NEWS UNIT – SILCHAR

MORNING NEWS BULLETIN

BENGALI

19 SEPTEMBER 2024

7:35 AM IST

কেন্দ্রীয় মন্ত্রিসভা এক দেশ এক নির্বাচনের প্রস্তাবে অনুমোদন জানিয়েছে। প্রাক্তন রাষ্ট্রপতি রামনাথ কোবিন্দর নেতৃত্বে গঠিত কমিটি দেশে লোকসভা নির্বাচনের সময় একই সঙ্গে রাজ্যগুলিতেও বিধানসভা নির্বাচন অনুষ্ঠিত করার প্রস্তাব পেশ করেছিল। কেন্দ্রীয় তথ্য ও সম্প্রচার মন্ত্রী অশ্বিনী বৈষ্ণব জানান যে রামনাথ কোবিন্দর নেতৃত্বে গঠিত কমিটি নির্বাচনের সংগে জড়িত সব পক্ষ তথা রাজনৈতিক দল ও বিশেষজ্ঞের সংগে মত বিনিময় করে এক দেশ -এক নির্বাচন অনুষ্ঠিত করার প্রস্তাব পেশ করেছিল। কেন্দ্রীয় মন্ত্রী বলেন যে এক দেশ এক নির্বাচনের প্রস্তাব দুটি পর্যায়ে কার্যকর করা হবে। প্রথম পর্যায়ে লোকসভা ও বিধানসভা নির্বাচন এক সংগে আয়োজন করা হবে। নির্বাচনের একশ দিন পর দ্বিতীয় পর্যায়ে গ্রাম পঞ্চায়েত, পৌর নিগম সহ স্থানীয় প্রশাসনের নির্বাচন অনুষ্ঠিত হবে।

রাজ্যে অরুণোদয় প্রকল্পের তৃতীয় পর্যায় ও আরো রেশন কার্ড প্রদানের প্রক্রিয়া আজ থেকে আরম্ভ হবে। মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা আজ সকাল ১১ টায় মাজুলীতে এই কার্যসূচীর সূচনা করবেন।

হাইলাকান্দি জেলার দুটি বিধানসভা আসনেও আজ থেকে অরুণোদয় প্রকল্পের তৃতীয় পর্যায়ের হিতাধিকারী বাছাই পর্ব অভিযান শুরু হবে। এ উপলক্ষে জেলা প্রশাসনের উদ্যোগে দুটি পৃথক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। হাইলাকান্দি বিধানসভা কেন্দ্রের অনুষ্ঠানটি শহরের এস এস কলেজের খেলার মাঠে অনুষ্ঠিত হবে। এছাড়া আলগাপুর - কাটলীছড়া বিধানসভা কেন্দ্রের অনুষ্ঠানটি বোয়ালিপারের ড: শশীভূষণ ইনষ্টিটিউট অফ এডুকেশন এর মাঠে অনুষ্ঠিত হবে। উল্লেখ্য উভয় অনুষ্ঠানে মুখ্যমন্ত্রীর কেন্দ্রীয় অনুষ্ঠানের ভাষন জায়ান্ট স্ক্রিনে সরাসরি দেখানো হবে।

সমগ্র রাজ্যের সঙ্গে করিমগঞ্জ জেলায়ও আজ অরুণোদয় প্রকল্পের তৃতীয় পর্যায়ের হিতাধিকারী বাছাই প্রক্রিয়া শুরু হবে। জেলার চারটি বিধানসভা কেন্দ্রে আজ এই প্রকল্পের সূচনা করা হবে। উত্তর করিমগঞ্জ বিধানসভা কেন্দ্রের অনুষ্ঠান সকাল ১১টায় করিমগঞ্জ শহরের নীলমণি উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের খেলার মাঠে অনুষ্ঠিত হবে। জেলা প্রশাসন থেকে উত্তর করিমগঞ্জ বিধানসভা কেন্দ্রের অরুণোদয় প্রকল্পের তৃতীয় পর্যায়ের হিতাধিকারী যারা ৪৫ বছরের উর্ধে অবিবাহিতা, ডিভোর্সি, স্বামীদ্বারা পরিত্যক্ত মহিলা এবং তৃতীয় লিঙ্গের ব্যক্তিদের উপস্থিত থাকতে অনুরোধ করা হয়েছে। জেলা প্রশাসন থেকে জানানো হয়েছে, যেসব মহিলার পরিবারের বার্ষিক আয় দু লক্ষ টাকার কম এবং বৈধ আধার সংলগ্ন রেশন কার্ড রয়েছে এবং আসামের স্থায়ী বাসিন্দাদেরব ক্ষেত্রে এই প্রকল্প প্রযোজ্য হবে।

কেন্দ্রীয় মাধ্যমিক শিক্ষা পর্ষদ, সি বি এস ই আগামী ডিসেম্বর মাসে সি টেট অনুষ্ঠিত করার কথা ঘোষণা করেছে। এসম্পর্কে পর্ষদের পক্ষ থেকে জারি করা নির্দেশনায় বলা হয়েছে যে সি টেটের জন্য ইতিমধ্যে ১৭ই সেপ্টেম্বর থেকে অনলাইন আবেদন প্রক্রিয়া আরম্ভ হয়েছে। আবেদন করার শেষ দিন হচ্ছে আগামী ১৬ই অক্টোবর। আবেদনকারী প্রার্থীদের আগামী ১৬ই অক্টোবর বেলা ১২ টার আগে নির্ধারিত মাশুল জমা দিতে হবে। উল্লেখ্য রাজ্য সরকার আসাম টেট পরীক্ষা অনুষ্ঠিত না করার পরিপ্রেক্ষিতে কেন্দ্রীয় মাধ্যমিক শিক্ষা পর্ষদের আয়োজন করা সি টেটের গুরুত্ব বৃদ্ধি পেয়েছে।

হাইলাকান্দির ঐতিহ্যবাহী শ্রীকিষান সারদা কলেজ ৭৫ বছরে পদার্পন করেছে। আমাদের হাইলাকান্দির সংবাদদাতা জানিয়েছেন যে ৭৫ বছর পূর্তি উপলক্ষ্যে আজও কলেজ প্রাঙ্গনে বিভিন্ন

কার্যসূচী গ্রহন করা হয়েছে । কলেজের প্ল্যাটিনাম জয়ন্তী উদযাপন উপলক্ষ্যে কলেজ অধ্যক্ষ হিলাল উদ্দিন লস্কর জানান যে ৭৫ বছর পূর্তি উপলক্ষ্যে বছরব্যাপী বিভিন্ন কার্যসূচীর আয়োজন করা হয়েছে ।

এদিকে গতকাল কলেজ প্রাঙ্গন থেকে একটি বিশাল শোভাযাত্রা বের হয়ে হাইলাকান্দি শহর পরিক্রমা করে । শোভাযাত্রায় কলেজের ইতিহাস , সফলতা , দেশের কৃষ্টি সংস্কৃতি এবং কলেজের ভবিষ্যৎ পরিকল্পনা তুলে ধরা হয়েছে ।

করিমগঞ্জ জেলার চা বাগানগুলোতে দুর্গা পূজা উপলক্ষ্যে আগামী ২৫ শে সেপ্টেম্বরের মধ্যে চা শ্রমিকদের বোনাস প্রদান করার নির্দেশ দেওয়া হয়েছে । সম্প্রতি জেলা আয়ুক্ত মৃদুল যাদবের পৌরহিত্যে আয়োজিত প্রশাসনিক বৈঠকে জানানো হয় যে বরাক চা শ্রমিক ইউনিয়নের পক্ষ থেকে ২০ শতাংশ বোনাস প্রদান করার প্রস্তাব করা হয় । এছাড়া বোনাস প্রদানের সময় সুরক্ষা ব্যবস্থা সুনিশ্চিত করতে জেলা প্রশাসনের পক্ষ থেকে বাগান কর্তৃপক্ষকে নির্দেশ দেওয়া হয়েছে ।

আসামে চলতি বছরে অনুষ্ঠেয় পঞ্চায়েত নির্বাচনের জন্য আজ বৈশ্বকয়েকটি জেলার পুনর্নির্ধারিত বিধানসভা এলাকার খসড়া প্রকাশ করা হয়েছে । উল্লেখ্য সীমা নির্ধারণের খসড়ার প্রতিলিপি পঞ্চায়েত কার্যালয় , ব্লক কার্যালয় এবং চক্র আধিকারিকের কার্যালয়ে জনসাধারণের দর্শনের জন্য রাখা হবে ।

শিলচরের পূর্ত বিভাগের সড়ক ডিভিশন শাখার কার্যবাহী বাস্তুকার এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন যে- শিলচর-কুম্ভীরগ্রাম সড়কে সদরঘাটের নতুন সেতুর সংস্কার কাজের জন্য আগামী পয়লা অক্টোবর পর্যন্ত ঐ সেতু দিয়ে সব ধরনের যান চলাচল বন্ধ থাকবে । বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে যে- এই সময়কালে পুরনো সেতু দিয়ে সব ধরনের যান চলাচল করতে পারবে ।

করিমগঞ্জের খাদ্য , গনবন্টন ও গ্রাহক বিষয়ক বিভাগ থেকে এক বিজ্ঞপ্তিতে জেলার সেপ্টেম্বর মাসের জাতীয় খাদ্য সুরক্ষা যোজনার অধীনে প্রধানমন্ত্রী গরীব কল্যান অন্ন যোজনার বিনামূল্যের চাল বরাদ্দ করা হয়েছে । এই চাল অন্ত্যেদয় অন্ন যোজনায় রেশন কার্ড পিছু ৩৫ কিলোগ্রাম এবং প্রায়োরিটি হাউস হোল্ড কার্ডধারীদের মাথা পিছু পাঁচ কিলোগ্রাম করে চাল বিতরণ করতে নির্দেশ দেওয়া হয়েছে ।
